



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়  
স্থানীয় সরকার বিভাগ  
ইউপি-১ শাখা  
www.lgd.gov.bd



স্মারক নং-৪৬.০০.৮৭০০.০১৭.৯৯.০০১.১৬- ৪৬৩

তারিখ : ২২ আষাঢ়, ১৪২৯  
০৬ জুলাই, ২০২২

বিষয় : ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে কাঁচা চামড়ার মূল্য নির্ধারণ, সুষ্ঠু ব্যবস্থাপনাসহ সংশ্লিষ্ট বিষয় পর্যালোচনার  
লক্ষ্যে মাননীয় বাণিজ্যমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

- সূত্র- (১) স্থানীয় সরকার বিভাগের প্রশাসন-১ শাখার স্মারক নং-৮০৭, তারিখ: ০৬/০৭/২০২২ খ্রি।  
(২) বাণিজ্য মন্ত্রণালয়ের পত্র নং-১০৩, তারিখ: ০৬/০৭/২০২২ খ্রি।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ স্মারকদ্বয়ের পরিপ্রেক্ষিতে, ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে কাঁচা চামড়ার মূল্য নির্ধারণ, সুষ্ঠু ব্যবস্থাপনাসহ সংশ্লিষ্ট বিষয় পর্যালোচনার লক্ষ্যে মাননীয় বাণিজ্যমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত প্রেরণপূর্বক উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য তাঁর জেলাধীন সকল ইউনিয়ন পরিষদসমূহকে নির্দেশনা প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: বর্ণনামতে।

(জেসমীন প্রধান)

সিনিয়র সহকারী সচিব

ফোন: ০২-২২৩৩৫৩৩৯৪

Email : lgup1@lgd.gov.bd

জেলা প্রশাসক (সকল)

----- জেলা।

অনুলিপি: (জ্যেষ্ঠার্থে/কার্যার্থে) (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)।

- ১। মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ২। উপপরিচালক, স্থানীয় সরকার (সকল)।
- ৩। সচিব মহোদয়ের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৪। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
- ৫। প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ৬। অতিরিক্ত সচিব মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
- ৭। অফিস কপি।



নম্বর: ২৬.০০.০০০০.১০০.৪২.০০১.২২-১০৩

তারিখ: ৬ জুলাই ২০২২

বিষয়: ঈদুল আজহা-২০২২ উপলক্ষ্যে কাঁচা চামড়ার মূল্য নির্ধারণ, স্তুত ব্যবস্থাপনাসহ সংশ্লিষ্ট বিষয় পর্যালোচনার লক্ষ্যে মাননীয় বাণিজ্যমন্ত্রী'র সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে মাননীয় বাণিজ্যমন্ত্রী'র সভাপতিত্বে ৫ জুলাই ২০২২ তারিখে অনুষ্ঠিত সভায় সর্বসম্মতিক্রমে গৃহীত নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ বাস্তবায়নের লক্ষ্যে সংশ্লিষ্ট সকলকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো:

(ক) ঈদুল আজহা-২০২২ উপলক্ষ্যে লবণযুক্ত প্রতি বর্গফুট কাঁচা চামড়ার মূল্য নিম্নরূপভাবে নির্ধারণ করা হলো

ক্রম	চামড়ার প্রকৃতি	এলাকা	প্রতি বর্গফুট লবণযুক্ত কাঁচা চামড়ার মূল্য
১.	গরুর কাঁচা চামড়া	ঢাকায়	৪৭-৫২ টাকা
		ঢাকার বাহিরে	৪০-৪৪ টাকা
২.	খাসীর কাঁচা চামড়া	সারাদেশে	১৮-২০ টাকা
৩.	বকরির কাঁচা চামড়া	সারাদেশে	১২-১৪ টাকা

(খ) কাঁচা চামড়ার সরকার ঘোষিত মূল্য প্রিন্ট ও ইলেক্ট্রনিক মিডিয়ায় মাধ্যমে বহুল প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে;

(গ) কোরবানির চামড়া যথাযথ পদ্ধতিতে সংগ্রহ এবং যথাসময়ে লবণ মেশানো ও সংরক্ষণ বিষয়ে সরকারি ও বেসরকারি গণমাধ্যম প্রয়োজনীয় প্রচারের ব্যবস্থা গ্রহণ করবে। এছাড়া জনসচেতনতামূলক প্রচারণা ও কোরবানি দাতা কর্তৃক পশুর চামড়ায় লবণ প্রয়োগের বিষয়ে জেলা ও উপজেলা প্রশাসন ব্যাপকভাবে প্রচার চালাবে;


(ঘ) কাঁচা চামড়ায় লবণ লাগানোর জন্য পর্যাপ্ত লবণের সরবরাহ নিশ্চিত করা এবং কোরবানির পশুর হাটে লবণ সরবরাহের জন্য হাটের পাশে/কাছাকাছি স্থানে লবণ সরবরাহের ব্যবস্থা করতে বিসিক এবং বাংলাদেশ লবণ মিল মালিক সমিতি-কে শিল্প মন্ত্রণালয় প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে;


(ঙ) দেশব্যাপী বর্জ্য ব্যবস্থাপনার ক্ষেত্রে সিটি কর্পোরেশন এবং পৌরসভাসমূহ দ্রুত কার্যকর ব্যবস্থা গ্রহণ করবে;

(চ) বাণিজ্য মন্ত্রণালয়ে গঠিত মনিটরিং টিমসমূহ তদারকি কার্যক্রমে বিভাগ/জেলা/উপজেলা প্রশাসনের সহায়তা গ্রহণ করবে;

(ছ) দেশের অভ্যন্তরে কোরবানির চামড়া পরিবহণে যাতে কোন প্রতিবন্ধকতা সৃষ্টি না হয় সে বিষয়ে সতর্কতা অবলম্বন, ঈদের পর ০৭ দিন বাইরে থেকে ঢাকার ভিতর এবং ঢাকা থেকে বাইরে কাঁচা চামড়া পরিবহন না করা এবং সীমান্তসহ গুরুত্বপূর্ণ পয়েন্টসমূহে তদারকি বাড়ানোর বিষয়ে জননিরাপত্তা বিভাগ, বাংলাদেশ পুলিশ বাহিনী এবং বর্ডার গার্ড অব বাংলাদেশ (বিজিবি)-কে প্রয়োজনীয় নির্দেশনা প্রদান করবে; এবং

(জ) ফেসবুক, ইউটিউব ও অন্যান্য মাধ্যমে গুজব ছড়ানো কিংবা সরকারের ভাবমূর্তি ক্ষুণ্ণকারী প্রচেষ্টার বিষয়ে বিভাগ/জেলা/উপজেলা প্রশাসন-কে সতর্ক থাকতে হবে।

ডায়েরি নং..... ১০৭  
তারিখ..... ০৬/০৭/২০২২  
প্রশাসনিক কর্মকর্তা (প্রশাসন-১)  
  
উপসচিব (প্রশাসন-১)

  
০৬/০৭/২০২২  
(নাজনীন পারতীন)  
উপসচিব  
ফোন: ৯৫৪০৬২৪

ই-মেইল: export1@mincom.gov.bd

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. মন্ত্রিপরিষদ সচিব, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা [দৃ:আকর্ষণ: অতিরিক্ত সচিব (মাঠ প্রশাসন), বিভাগীয় কমিশনার/জেলা প্রশাসকগণ কে অবহিতকরণ/কার্যার্থে প্রেরণের অনুরোধসহ ]]
২. গভর্নর, বাংলাদেশ ব্যাংক, মতিঝিল বা/এ, ঢাকা।
৩. সিনিয়র সচিব, জননিরাপত্তা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়।
৪. সিনিয়র সচিব, আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, সচিবালয়, ঢাকা।

ঢাকা স্থানীয় সরকার বিভাগ  
সচিবের দপ্তর

১) অতিরিক্ত সচিব	৪) প্রশাসন
২) মহাপরিচালক	৫) নগর উন্নয়ন
৩) যুগ্মসচিব	৬) উন্নয়ন
	৭) পানি সরবরাহ (পাস)
	৮) উপজেলা অধিশাখা
	৯) ইউপি অধিশাখা



শেখ হাসিনার মূলনীতি  
গ্রাম শহরের উন্নতি

প্রশাসন-১ শাখা  
স্থানীয় সরকার বিভাগ

বিষয়ঃ ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে কাঁচা চামড়ার মূল্য নির্ধারণ, সুষ্ঠু ব্যবস্থাপনাসহ সংশ্লিষ্ট বিষয় পর্যালোচনার লক্ষ্যে মাননীয় বাণিজ্যমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত।

সূত্রঃ বাণিজ্য মন্ত্রণালয়ের ০৬/০৭/২০২২ তারিখের ৪৬.০০.০০০০.১০০.৪২.০০১.২২-১০৩ সংখ্যক পত্র।

উপর্যুক্ত বিষয় ও সূত্রস্থ পত্র সংখ্যার পরিপ্রেক্ষিতে ঈদ-উল-আযহা, ২০২২ উপলক্ষ্যে কাঁচা চামড়ার মূল্য নির্ধারণ, সুষ্ঠু ব্যবস্থাপনাসহ সংশ্লিষ্ট বিষয় পর্যালোচনার লক্ষ্যে মাননীয় বাণিজ্যমন্ত্রীর সভাপতিত্বে অনুষ্ঠিত সভার সিদ্ধান্ত বাস্তবায়ন সংক্রান্ত পত্রটি এ সাথে প্রেরণ করা হল। উক্ত সভার সিদ্ধান্ত বাস্তবায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হল।

M. A. Rahman  
06/07/2022  
এ কে এম মিজানুর রহমান  
উপসচিব

ফোন- ৫৫১০১১৮১  
E-mail: [lgadmin1@lgd.gov.bd](mailto:lgadmin1@lgd.gov.bd)

বিতরণঃ

- ১। উপসচিব (সিটি কর্পোরেশন-১/সিটি কর্পোরেশন-২/জেলা পরিষদ/পৌর-১/পৌর-২/উপজেলা-২/ইউনিয়ন পরিষদ-২ শাখা), স্থানীয় সরকার বিভাগ।
- ২। সিনিয়র সহকারী সচিব (উপজেলা-১ শাখা/ইউনিয়ন পরিষদ-১ শাখা), স্থানীয় সরকার বিভাগ।

অনুলিপিঃ

- ১। সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।

নং- ৪৬. ০০. ০০০০. ০৩৯. ০১৮. ০১১. ২০২০-৮০৭

তারিখঃ ২২ আষাঢ় ১৪২৯  
০৬ জুলাই ২০২২